



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর



বিজ্ঞপ্তি নম্বর: ২৫

তারিখ: ০৪/০২/২০২৪ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার গত ১৮/০১/২০২৪ খ্রি. এর স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৪৩ মোতাবেক সরকারি বেগম রোকেয়া কলেজের বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে ২০২৩-২০২৪ অর্থ বছরের সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রিস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/ প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/ অটিস্টিক/ উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদন ফরম নম্বর-০২ যথাযথভাবে পূরণ করে আগামী ১২/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অফিস কক্ষে জনাব আনন্দ চন্দ্র রায়, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর নিকট জমা দেয়া যাবে। নির্ধারিত আবেদন ফরম কলেজ ওয়েব সাইট <https://www.gbrcr.gov.bd> পাওয়া যাবে।

শর্তাবলী:

- ১) আবেদনকারী শিক্ষার্থীর নিজস্ব নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
- ২) লিখিত আবেদনে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সুপারিশ উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রে আবেদনকারীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৩) সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/ বৌদ্ধ/ খ্রিস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/ প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র দাখিল করতে হবে। উল্লেখ্য যে, চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনারের মোবাইল নম্বর সনদে উল্লেখ থাকতে হবে।
- ৪) শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র দাখিল করতে হবে।
- ৫) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ৬) সদ্যতোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

প্রফেসর চিন্ময় বাড়ে
অধ্যক্ষ

সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর

প্রফেসর চিন্ময় বাড়ে
অধ্যক্ষ
সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর

Beal
04.02.24